মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ে সম্প্রীতি অলিম্পিয়াড অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সম্মেলন কক্ষে গতকাল মঙ্গলবার ‘সম্প্রীতি অলিম্পিয়াড ও বৃক্ষ বিতরণ’ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর ওয়াইপিএজি (YPAG) এর আয়োজনে, এফসিডিওর অর্থায়নে এবং দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের এমআইপিএস (MIPS) প্রকল্পের সহযোগিতায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বিদ্যালয়ের শিক্ষক সেকেন্দার আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, পিস অ্যাম্বাসেডর সাইয়্যেদাতুন নেসা নয়ন এবং ওয়াইপিএজি সদস্যরা।

সম্প্রীতি, সহনশীলতা ও মানবিক মূল্যবোধ জাগ্রত করার লক্ষ্যে আয়োজিত এ কর্মসূচির মূল আকর্ষণ ছিল কুইজ প্রতিযোগিতা ও বৃক্ষ বিতরণ। কুইজে প্রথম স্থান অর্জন করেন ইসরাত জাহান ইসরা, দ্বিতীয় হন ইফ্ফাত আবৃতা আভা এবং তৃতীয় স্থান অর্জন করেন সামিহা রেজা।

অনুষ্ঠান শেষে বিজয়ীদের মাঝে পুরস্কার এবং শিক্ষার্থীদের মধ্যে বৃক্ষের চারা বিতরণ করা হয়।

মেহেরপুর সরকারি কলেজে সম্প্রীতি অলিম্পিয়াড অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি কলেজের শিক্ষক-শিক্ষার্থী সম্মেলন কক্ষে (টিএসসিআর) আজ বৃহস্পতিবার তরুণ প্রজন্মের মাঝে সহনশীলতা ও ভ্রাতৃত্ববোধ ছড়িয়ে দিতে সম্প্রীতি অলিম্পিয়াড অনুষ্ঠিত হয়েছে।

মো. নাফিউল ইসলামের সঞ্চালনায় মেহেরপুর ওয়াইপিএজির আয়োজনে, এফসিডিওর অর্থায়নে এবং দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের এমআইপিএস প্রকল্পের সহযোগিতায় এ আয়োজন সম্পন্ন হয়।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন সিয়াম, বাইবেল পাঠ করেন সুমী বিশ্বাস এবং গীতা পাঠ করেন সঞ্চিতা হালদার। এরপর ওয়াইপিএজি সদস্যদের পরিচালনায় জাতীয় সংগীত পরিবেশন ও শপথ গ্রহণ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন মেহেরপুর সদর ওয়াইপিএজির কো-অর্ডিনেটর রাজিয়া সুলতানা।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ.কে.এম. নজরুল কবির। তিনি বলেন, “একটি অন্তর্ভুক্তিমূলক ও সম্প্রীতির সমাজ গঠনে শিক্ষার্থীদের ভূমিকা অপরিসীম। এ ধরনের আয়োজন তাদের মননশীলতা বিকাশে সহায়ক হবে।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক মো. খসরু ইসলাম, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মঈনুল ইসলাম, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মো. হাসানুজ্জামান, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক বশির আহমেদ এবং মুজিবনগর উপজেলা ওয়াইপিএজি এর কো-অর্ডিনেটর মো. রিয়াজ শেখ।
অ

লিম্পিয়াডের মূল আকর্ষণ ছিল সাধারণ শিক্ষার্থীদের অংশগ্রহণে কুইজ প্রতিযোগিতা। প্রতিযোগিতা শেষে শিক্ষার্থীরা তাদের অনুভূতি প্রকাশ করেন। এ সময় শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌস শোভা ও বিধান শেখ বক্তব্য দেন।

অনুষ্ঠানে কুইজ প্রতিযোগিতার ফলাফল ঘোষণা, শপথ বাক্য পাঠ এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করেন পিএফজি অ্যাম্বাসেডর ও মেহেরপুর জেলা জাতীয়তাবাদী মহিলা দলের সভাপতি সায়্যেদাতুন্নেছা নয়ন।

সমাপনী বক্তব্যে তিনি উগ্রবাদ ও অসহিষ্ণুতা পরিহার করে সম্প্রীতির বাংলাদেশ গড়ার আহ্বান জানান। পরে তিনি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন। শিক্ষার্থীদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে অনুষ্ঠানটি উৎসবমুখর পরিবেশে সম্পন্ন হয়।